পেট্রোবাংলার ইনোভেশন কার্যক্রমের বাৎসরিক বাস্তবায়ন প্রতিবেদন

০১। পেট্রোবাংলার ইনোভেশন টিম গঠন ঃ

মন্ত্রিপরিষদ বিভাগের ০৮-০৪-২০১৩ তারিখের ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮ সংখ্যক স্মারকের পরিপ্রেক্ষিতে পেট্রোবাংলায় ০৪-০৬-২০১৩ তারিখে ৪ সদস্য-বিশিষ্ট ইনোভেশন টিম গঠন করা হয়। পরবর্তীতে ২১-১২-২০১৫ তারিখে পেট্রোবাংলার পরিচালক (পরিকল্পনা) মহোদয়কে আহ্বায়ক করে ৬ সদস্য-বিশিষ্ট ইনোভেশন টিম পুনর্গঠন করা হয়।

০২। উদ্ভাবনী বিষয়ের বাস্তবায়ন ঃ

ক্রমিক	মূল্যায়নের বিষয়	কর্মকৃতি সূচক	বাস্তবায়ন	মূল্যায়ন
১.	উদ্ভাবন কর্মপরিকল্পনা	উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণীত	পেট্রোবাংলার জন্য ০৬-০৬-২০১৬ তারিখে ২০১৬ পঞ্জিকা বছরের কর্মপরিকল্পনা তৈরী করা হয়। উক্ত কর্মপরিকল্পনা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে।	৫
২.	ইনোভেশন টিমের সভা	প্রতি মাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত	ইনোভেশন টিমের ১১টি সভা অনুষ্ঠিত হয়েছে ঃ ২০-০১-২০১৬, ০৮-০২-২০১৬, ২২-০২-২০১৬, ৩১-০৩-২০১৬, ১৯-০৪-২০১৬, ১৭-০৫-২০১৬, ২৩-০৬-২০১৬, ২৯-০৯-২০১৬, ২০-১০-২০১৬, ২০-১১-২০১৬ ও ২০-১২-২০১৬।	১০
৩.	ইনোভেশন টিমের বাৎসরিক প্রতিবেদন	বাৎসরিক প্রতিবেদন স্বীয় ওয়েবসাইটে প্রকাশিত	পেট্রোবাংলার জন্য প্রণীত ২০১৬ পঞ্জিকা বছরের বাৎসরিক প্রতিবেদন পেট্রোবাংলার ওয়েবসাইটে প্রকাশ।	৫
		৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের বাৎসরিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত	৩১ জানুয়ারির মধ্যে ২০১৬ পঞ্জিকা বছরের বাৎসরিক প্রতিবেদন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ।	৫
৪.	উদ্ভাবনী ধারণা আহ্বান, যাচাই ও বাছাই সংক্রান্ত কার্যক্রম	কর্মকর্তা/কর্মচারিদের নিকট হতে উদ্ভাবনী ধারণা আহ্বান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলি যাচাইপূর্বক অগ্রাধিকার ভিত্তিতে সংকলিত	উদ্ভাবনী ধারণা আহ্বানের জন্য পেট্রোবাংলার প্রধান গেটের পাশে আইডিয়া বক্স স্থাপন করা হয়েছে। প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলি যাচাইপূর্বক ২০১৬ পঞ্জিকা বছরের জন্য অগ্রাধিকার ভিত্তিতে নিম্নোক্ত ৩টি বিষয় সংকলন করা হয়েছে ঃ অনলাইনে গ্যাস বিল পরিশোধ, হটলাইন প্রবর্তন ও সিএনজি অটোবিলিং সিস্টেম প্রবর্তন।	৫
৫.	উদ্ভাবনী ধারণার প্রটোটাইপিং/পাইলটিং	উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের জন্য পাইলট প্রকল্প গৃহীত	২০১৬ পঞ্জিকা বছরের জন্য অনলাইনে গ্যাস বিল পরিশোধ, হটলাইন প্রবর্তন ও সিএনজি অটোবিলিং সিস্টেম প্রবর্তন সংশ্লিষ্ট প্রকল্প গ্রহণ করা হয়েছে। (অতিরিক্ত ৩টি শীট্ সংযুক্ত)।	৬
৬.	উদ্ভাবনী উদ্যোগের (প্রটোটাইপ/পাইলট) অর্জিত অভিজ্ঞতা	উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত	২০১৬ পঞ্জিকা বছরের জন্য চিহ্নিত ৩টি উদ্ভাবনী উদ্যোগের অধিকাংশ বাস্তবায়ন করা হয়েছে।	৩
		সফল এবং বিফল উভয় উদ্যোগসমূহ থেকে অর্জিত অভিজ্ঞতা রিপোর্ট আকারে বিভিন্ন মাধ্যমে প্রচারিত	অর্জিত অভিজ্ঞতা রিপোর্ট আকারে পেট্রোবাংলার ওয়েবসাইটে আপলোডকরণ। কল সেন্টার বিষয়ক তথ্যাদি জাতীয় দৈনিকে প্রচার করা হয়েছে।	৩
৭.	জাতীয়ভাবে বাস্তবায়ন(স্কেলিং আপ)	উদ্ভাবনী পাইলট প্রকল্প দেশব্যাপী/বৃহত্তর অধিক্ষেত্রে বাস্তবায়িত (স্কেলিং আপ)	অনলাইনে গ্যাস বিল পরিশোধ ও হটলাইন ব্যবস্থা গ্যাস গ্রাহক/জনসাধারণের জন্য চালু করা হয়েছে ।	৫

ক্রমিক	মূল্যায়নের বিষয়	কর্মকৃতি সূচক	বাস্তবায়ন	মূল্যায়ন
৮.	উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধি	নিজ অধিক্ষেত্রে উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কসপ, শিক্ষাসফর ইত্যাদি আয়োজিত	কোর্সের নাম ঃ Government Performance Management (GPM) for officials of Ministry/Division and Deparment/Agencies. অংশগ্রহণকারীর সংখ্যা ঃ ২৫ জন কোর্সের সময় ঃ ২১-৬-২০১৬ হতে ২৩-৬-২০১৬; এবং ২৫-৬-২০১৬ হতে ২৬-৬-২০১৬ পর্যন্ত। কোর্সের নাম ঃ প্রজেক্ট ম্যানেজমেন্ট এবং ই-জিপি অংশগ্রহণকারীর সংখ্যা ঃ ৮৫ জন কোর্সের সময় ঃ ১৭-১২-২০১৬ হতে ১৮-১২-২০১৬ পর্যন্ত। কোর্সের নাম ঃ পাবলিক প্রকিউরমেন্ট এবং ই-জিপি অংশগ্রহণকারীর সংখ্যা ঃ ৬৬ জন কোর্সের সময় ঃ ২৪-১২-২০১৬। কোর্সের নাম ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও ইনোভেশন অংশগ্রহণকারীর সংখ্যা ঃ ৪৭ জন কোর্সের সময় ঃ ৭-১-২০১৭ হতে ৮-১-২০১৭ পর্যন্ত।	১০
৯.	নেটওয়ার্কিং ও পার্টনারশিপ	অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভা আয়োজিত	অংশীজন/কোম্পানির ইনোভেশন টিম প্রতিনিধিদের সাথে ০৬টি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে ঃ ২০-১-২০১৬, ২২-২-২০১৬, ৩১-৩-২০১৬, ২০-১০-২০১৬, ২০-১১-২০১৬ ও ২০-১২-২০১৬।	১০
১০.	সোশ্যাল মিডিয়ার ব্যবহার	দাপ্তরিক কাজে সোশ্যাল মিডিয়া ব্যবহৃত	দাপ্তরিক কাজে ই-মেইল, এসএমএস ব্যবহার করা হয়।	৫
১১.	ই-সেবা	নিজ অধিক্ষেত্রের বিভিন্ন সেবা ই-সেবায় রূপান্তরিত	অনলাইনে গ্যাস বিল পরিশোধ; হটলাইন প্রবর্তন; সিএনজি অটোবিলিং সিস্টেম প্রবর্তন (চূড়ান্ত পর্যায়ে); ই-টেন্ডারিং; ও ই-রিক্রুটমেন্ট।	৯
			মোট	৮১

১৮.০১.১৭
(আনোয়ারুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড মনিটরিং), পেট্রোবাংলা
ও সদস্য, ইনোভেশন টিম

১৮/১/১৭
(শামীম হাসান)
উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা), পেট্রোবাংলা
ও সদস্য, ইনোভেশন টিম

১৮/১/১৭
(বিশ্বজিৎ সাহা)
উপ-মহাব্যবস্থাপক (আইটি), পেট্রোবাংলা
ও সদস্য, ইনোভেশন টিম

১৮.১.১৭
(রনজিত কুমার সরকার)
মহাব্যবস্থাপক (সংস্থাপন), পেট্রোবাংলা
ও সদস্য-সচিব/ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম

(যাবেদ চৌধুরী) ১৮.০১.২০১৭
মহাব্যবস্থাপক (মাইন অপারেশন), পেট্রোবাংলা
ও সদস্য, ইনোভেশন টিম

(মোঃ আমিনুজ্জামান) ১৮/১/১৭
পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা
ও সদস্য, ইনোভেশন টিম

১। অনলাইনে গ্যাস বিল পরিশোধঃ

ক্রমিক	কোম্পানি	বিবরণ	বাস্তবায়ন
১।	তিতাস গ্যাস টিএন্ডডি কোং লিঃ	ব্যাংকের মাধ্যমে মিটারযুক্ত ও আবাসিক মিটারবিহীন গ্রাহকদের অনলাইনে বিল পরিশোধ শুরু হয়েছে। Web Customer Portal রেজিষ্টার্ড গ্রাহকগণ অনলাইন ব্যাংকসমূহ হতে বিল পরিশোধ সংক্রান্ত তথ্য জানতে পারেন। বর্তমানে ১০টি ব্যাংক- United Commercial Bank Ltd., Arab Bangladesh Bank Ltd., Exim Bank Ltd., Prime Bank Ltd., National Credit & Commerce Bank Ltd., South -East Bank Ltd., Mercantile Bank Ltd., National Bank Ltd., International Finance Investment and Commerce Bank Ltd. ও Dhaka Bank Ltd.-এর মাধ্যমে অনলাইনে বিল পরিশোধ করা যায়। এভাবে পরিশোধকৃত বিল পরদিন স্বয়ংক্রিয়ভাবে গ্রাহক লেজারে আপডেট হয়ে যায়।	২০১৬ সালে বাস্তবায়িত
		মোবাইল অপারেটর গ্রামীণফোন-এর মাধ্যমে বিল পরিশোধের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। এ লক্ষ্যে গ্রামীণফোনের নিজস্ব সফটওয়্যার তৈরির কাজ চলছে। মার্চ ২০১৭ মাসের মধ্যে গ্রামীণফোন-এর মাধ্যমে বিল পরিশোধ করা সম্ভব হবে।	মার্চ ২০১৭ মাসের মধ্যে
২।	বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোং লিঃ	গ্রাহক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণ করার লক্ষ্যে অনলাইনে বিল সংগ্রহ করার নিমিত্ত সাউথ-ইস্ট ব্যাংকের সাথে মোবাইল, ইন্টারনেট ও OTC (Over the counter) অনলাইনে বিল সংগ্রহের বিষয়ে ০৬-০৬-২০১৬ তারিখে দ্বি-পাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হয়। এর ধারাবাহিকতায় ২৭-০৬-২০১৬ তারিখ হতে গ্রাহক পর্যায়ে অনলাইনে বিল সংগ্রহ শুরু হয়। পাশাপাশি সেবা প্রদান প্রক্রিয়া অধিকতর সহজীকরণের লক্ষ্যে ০১-১০-২০১৬ তারিখ হতে গ্রাহক পর্যায়ে মোবাইল ফোন এবং ইন্টারনেটের মাধ্যমে বিল সংগ্রহের নিমিত্ত Mobile Apps-Telecash Mobile Banking চালু করা হয়। গ্রাহক কর্তৃক বিল পরিশোধের সাথে সাথে নিশ্চিতকরণ SMS প্রাপ্ত হন এবং একই সময়ে বিজিডিসিএল-এর ডাটাবেজ আপডেট হয়। ৩১-১২-২০১৬ তারিখ পর্যন্ত অনলাইনে গ্রাহক কর্তৃক বিল পরিশোধের পরিমাণ প্রায় ১০.১৩ কোটি টাকা। এছাড়া, আবাসিক গ্রাহকদের গ্যাস বিল ২৮-১০-২০০৯ তারিখ হতে গ্রামীণফোনের Bill Pay-এর মাধ্যমে পরিশোধ করার ব্যবস্থা চালু রয়েছে এবং প্রতিমাসে গ্রামীণফোনের মাধ্যমে বিল সংগ্রহের পরিমাণ প্রায় ২৫.০০ লক্ষ টাকা।	২০১৬ সালে বাস্তবায়িত
৩।	কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোং লিঃ	কোম্পানির গ্যাস বিল অনলাইনে পরিশোধ ব্যবস্থা স্থাপনের লক্ষ্যে ৩১-১২-২০১৫ তারিখে আইআইসিটি, বুয়েট-এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়। কোম্পানির বিক্রয় জোন-১ এর আওতাধীন গ্রাহকগণ জানুয়ারি ২০১৭ মাস থেকে ০৬টি ব্যাংক ও ০১টি আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে অনলাইনে গ্যাস বিল পরিশোধ করতে পারবেন। নির্বাচিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ- ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ, ব্যাংক এশিয়া লিঃ, সাউথ-ইষ্ট ব্যাংক লিঃ, বেসিক ব্যাংক লিঃ, ডাচ-বাংলা ব্যাংক লিঃ ও রূপালী ব্যাংক লিঃ (শিওর ক্যাশ)।	জানুয়ারি ২০১৭ মাসের মধ্যে
৪।	জালালাবাদ গ্যাস টিএন্ডডি সিস্টেম লিঃ	অনলাইনে গ্যাস বিল আদায় সংক্রান্ত বিষয়ে বুয়েট, জেজিটিডিএসএল এবং ৪/৫টি ব্যাংকিং প্রতিষ্ঠানের মধ্যে ত্রি-পক্ষীয় ফলপ্রসূ আলোচনা হয়। অনলাইনে গ্যাস বিল পরিশোধ বিষয়ক সফটওয়্যার তৈরির কার্যক্রম শুরু হয়েছে। অনলাইনে গ্যাস বিল পরিশোধ ব্যবস্থা বাস্তবায়ন এপ্রিল ২০১৭ মাসের মধ্যে সম্পাদন করা সম্ভব হবে।	এপ্রিল ২০১৭ মাসের মধ্যে
৫।	পশ্চিমাঞ্চল গ্যাস কোং লিঃ	কোম্পানির মিটারবিহীন আবাসিক গ্রাহকগণ আইএফআইসি মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে গ্যাস বিল পরিশোধ করেন। আইআইসিটি, বুয়েট কর্তৃক কোম্পানির ওয়েববেজড রেভিনিউ একাউন্টিং সফটওয়্যারের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। কোম্পানির ওয়েবসাইটে গ্রাহকের পেমেন্ট স্ট্যাটাস, আউটস্ট্যান্ডিং স্ট্যাটাস ইত্যাদি প্রদর্শনের পদক্ষেপ নেয়া হয়েছে। শীঘ্রই গ্রাহকগণ ওয়েবসাইট হতে প্রয়োজনীয় তথ্যাদি জানতে পারবেন।	২০১৬ সালে বাস্তবায়িত
		ডিসেম্বর ২০১৭ মাসের মধ্যে অনলাইনে গ্যাস বিল পরিশোধ পদ্ধতি প্রবর্তনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।	ডিসেম্বর ২০১৭ মাসের মধ্যে
৬।	সুন্দরবন গ্যাস কোং লিঃ	আইএফআইসি ব্যাংকের মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে গ্যাস বিল গ্রহণ সেবা চালু করা হয়েছে।	২০১৬ সালে বাস্তবায়িত
		ডিসেম্বর ২০১৭ মাসের মধ্যে অনলাইনে গ্যাস বিল পরিশোধ পদ্ধতি প্রবর্তনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।	ডিসেম্বর ২০১৭ মাসের মধ্যে

২। হটলাইন প্রবর্তনঃ

ক্রমিক	কোম্পানি	বিবরণ	বাস্তবায়ন
১।	তিতাস গ্যাস টিএন্ডডি কোং লিঃ	হটলাইন নম্বর (Short code 16496) বাংলালিংক ও গ্রামীণফোন অপারেটরের মাধ্যমে চালু হয়েছে। এছাড়া, হটলাইন নম্বর (Short code 16496)–এ পার্কিং করার জন্য অন্যান্য টেলকো অপারেটর'কে অনুরোধ করা হয়েছে। মার্চ ২০১৭ মাসের মধ্যে অন্যান্য মোবাইল অপারেটরের মাধ্যমে হটলাইন চালু করা সম্ভব হবে।	মার্চ ২০১৭ মাসের মধ্যে
২।	বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোং লিঃ	গ্যাস দুর্ঘটনাজনিত তথ্য জরুরিভিত্তিতে প্রদানের নিমিত্ত কোম্পানিতে হটলাইন সেবা চালুকরণের লক্ষ্যে কোম্পানির চাহিদার প্রেক্ষিতে বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন হতে ২২-৫-২০১৬ তারিখে ০৫ ডিজিটের শর্ট কোড বরাদ্দের জন্য ডিমান্ড নোট ইস্যু করা হয় এবং বিজিডিসিএল-এর জন্য ১৬-৭-২০১৬ তারিখে শর্ট কোড নম্বর ১৬৫২৩ বরাদ্দ করা হয়। প্রথম দফায় ০৬-১০-২০১৬ তারিখে হটলাইন সার্ভিস (Short code 16523) টেলিটকের মাধ্যমে চালু হয়। পরবর্তীতে ১৭-১১-২০১৬ তারিখে অন্যান্য মোবাইল অপারেটর (গ্রামীণফোন, রবি ও ওয়ারিদ) হতে শর্টকোড ১৬৫২৩ চালু হয়। বর্তমানে গ্রাহক পর্যায়ে গ্যাস দুর্ঘটনাজনিত তথ্য প্রাপ্তি ও দ্রুত সেবা প্রদানের জন্য ০৩ জন অপারেটর সার্বক্ষণিক দায়িত্ব পালন করছেন। হটলাইনে প্রাপ্ত অভিযোগ সংশ্লিষ্ট এলাকার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (Emergency Officer/Incharge) সরাসরি Call Routing-এর মাধ্যমে প্রাপ্ত হন এবং দ্রুত ব্যবস্থা গ্রহণ করেন। হটলাইনে কলকৃত তথ্য, Caller Mobile No., Timing ইত্যাদি পৃথক রেজিষ্টারে এবং কম্পিউটার ডাটাবেজে সংরক্ষণ করা হয়।	২০১৬ সালে বাস্তবায়িত
৩।	কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোং লিঃ	কোম্পানির চাহিদার পরিপ্রেক্ষিতে বিটিআরসি হতে বরাদ্দকৃত শর্ট কোড ১৬৫১২ দিয়ে হটলাইন চালুর জন্য দরপত্র আহ্বান করা হয় এবং ৩০-১০-২০১৬ তারিখে সর্বনিম্ন দরদাতার সঙ্গে চুক্তি সম্পাদিত হয়। কেজিডিসিএল-এ ১৫-১২-২০১৬ তারিখ থেকে জরুরী অবস্থা ও দুর্ঘটনা মোকাবেলার জন্য হটলাইন ব্যবস্থা চালু করা হয়।	২০১৬ সালে বাস্তবায়িত
৪।	জালালাবাদ গ্যাস টিএন্ডডি সিস্টেম লিঃ	জেজিটিডিএসএল-এর জন্য ৫-ডিজিটের হটলাইন নম্বর ১৬৫১১ চালু করা হয়। বর্তমানে জরুরী সেলের লোকবল দ্বারা হটলাইনে কল রিসিভ করা হচ্ছে। কল সেন্টার অপারেটর নিয়োগ প্রক্রিয়া চলমান আছে। জানুয়ারি ২০১৭ মাসের মধ্যে কল সেন্টার অপারেটর নিয়োগের কাজ সম্পন্ন হতে পারে। ফেব্রুয়ারি ২০১৭ মাসের মধ্যে পার্কিংয়ের কাজ সম্পন্ন হতে পারে।	ফেব্রুয়ারি ২০১৭ মাসের মধ্যে
৫।	পশ্চিমাঞ্চল গ্যাস কোং লিঃ	কোম্পানির জন্য বিটিআরসি কর্তৃক বরাদ্দকৃত শর্ট কোড নম্বর ১৬৫১৪। আউটসোর্সিং ভিত্তিতে কল সেন্টার সেবাপ্রদানকারী প্রতিষ্ঠানের মাধ্যমে হটলাইন নম্বরের মাধ্যমে সেবা প্রদানের নিমিত্তে আরএফকিউ পদ্ধতিতে প্রতিষ্ঠানসমূহের নিকট দর প্রস্তাব আহ্বান করা হয়। প্রাপ্ত দর প্রস্তাবসমূহ মূল্যায়ন শেষে সর্বনিম্ন দর প্রস্তাবকারী প্রতিষ্ঠান কর্তৃক কল সেন্টার ও এক বছরের জন্য উক্ত সেবা গ্রহণের লক্ষ্যে পিজিসিএল পরিচালনা পর্ষদের অনুমোদনের নিমিত্ত বোর্ড সভায় কার্যপত্র উত্থাপন করা হয়। পরিচালনা পর্ষদ কর্তৃক উত্থাপিত কার্যপত্রটি অনুমোদিত হলে, প্রতিষ্ঠানটির সাথে চুক্তি স্বাক্ষরের পর সর্বোচ্চ ১০ কার্যদিবসের মধ্যে হটলাইন চালু করা সম্ভব হবে। সেক্ষেত্রে জানুয়ারি ২০১৭ মাসের মধ্যে পিজিসিএল-এ হটলাইন চালু করা সম্ভবপর হবে।	জানুয়ারি ২০১৭ মাসের মধ্যে
৬।	সুন্দরবন গ্যাস কোং লিঃ	কোম্পানির জন্য বিটিআরসি কর্তৃক বরাদ্দকৃত শর্ট কোড নম্বর ১৬৫৩৯। মার্চ ২০১৭ মাসের মধ্যে হটলাইন চালু করা সম্ভব হবে।	মার্চ ২০১৭ মাসের মধ্যে

৩। সিএনজি অটোবিলিং সিষ্টেম প্রবর্তনঃ

ইনোভেশন টিম-এর কর্মপরিকল্পনা মোতাবেক সিএনজি অটোবিলিং সিষ্টেম চালু সংক্রান্ত কার্যক্রম চলমান আছে। এ বিষয়ে ইতোমধ্যে সরকারের ই-জিপি পোর্টাল ব্যবহার করে ই-টেন্ডারিংয়ের মাধ্যমে নির্ধারিত শিডিউল মোতাবেক দরপত্র আহবান করা হয়েছে। পিপিআর, ২০০৮-এর বিধি অনুসারে আলোচ্য কাজের প্রক্রিয়াকরণের ধাপসমূহ/সময়সীমা নিম্নরূপঃ

ক্রমিক	ধাপসমূহ	বাস্তবায়ন
১	ই-টেন্ডারিং এক্টিভেশন	২১ ডিসেম্বর ২০১৬
২	দরপত্র জমাদানের শেষসময়	৫ জানুয়ারি ২০১৭
৩	দরপত্র উম্মুক্তকরণ ও মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ	৮ জানুয়ারি ২০১৭
৪	দরপত্র মূল্যায়ন কমিটির প্রতিবেদন দাখিল	১৫ জানুয়ারি ২০১৭
৫	নোটিফিকেশন অব এওয়ার্ড প্রদান	২২ জানুয়ারি ২০১৭
৬	চুক্তি স্বাক্ষর/কার্যাদেশ প্রদান	২৯ জানুয়ারি ২০১৭
৭	কাজের সময়সীমা	কার্যাদেশের তারিখ হতে ৬০ দিন অর্থাৎ সর্বোচ্চ ৩০ মার্চ ২০১৭

এছাড়া, দরপত্রে বর্ণিত শর্ত মোতাবেক অটোবিলিং সিষ্টেম স্থাপন শেষে এর গ্রহণযোগ্যতা ও উপযুক্ততা নিরূপণে ০৩ মাস সময় ধার্য করা রয়েছে। ফলে, স্থাপন কার্যক্রম সমাপ্তি শেষে পরীক্ষণ ও পর্যবেক্ষণ, উপযুক্ততা নিরূপণ প্রতিবেদন দাখিল (অভ্যন্তরীণ) এবং বিএসটিআই হতে প্রয়োজনীয় ছাড়পত্র গ্রহণের সময়সহ ৩০শে জুলাই ২০১৭-এর মধ্যে সিএনজি বিক্রয়ে অটোবিলিং সিষ্টেম চালু করা সম্ভব হবে।